সেনাবাহিনীর অভিযানে চাঁদাবাজির টাকাসহ বিএনপি নেতা ও সহযোগী গ্রেপ্তার



সংগৃহীত ছবি

রাজধানীর খিলক্ষেত ও উত্তরা এলাকায় পৃথক অভিযানে চাঁদাবাজির অভিযোগে বিএনপির এক নেতা ও একাধিক সহযোগীকে হাতেনাতে গ্রেপ্তার করেছে সেনাবাহিনী। অভিযানে চাঁদাবাজির টাকা ও অন্যান্য আলামতও জব্দ করা হয়েছে।

রোববার (১৩ জুলাই) বাংলাদেশ সেনাবাহিনীর ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশিত এক বিবৃতিতে জানানো হয়, গতকাল শনিবার (১২ জুলাই) রাত ৮টার দিকে সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে খিলক্ষেতের নিকুঞ্জ-২ এলাকায় সেনাবাহিনীর নেতৃত্বে একটি যৌথ অভিযান পরিচালিত হয়। অভিযানে মো. ইসমাইল হোসেন বাবু ও তার সহযোগী শেখ সাইফুল ইসলামকে চাঁদাবাজির টাকাসহ গ্রেপ্তার করা হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, ইসমাইল হোসেন বাবু বিএনপির রাজনীতির সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত এবং তিনি খিলক্ষেত থানার ৯৬ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সাবেক সদস্য সচিব। অভিযোগ রয়েছে, তিনি ও সাইফুল দীর্ঘদিন ধরে ব্যবসায়ী ও পথচারীদের কাছ থেকে চাঁদা আদায় করে আসছিলেন।

একইদিন বিকেলে রাজধানীর উত্তরা ১০ নম্বর সেক্টরের স্লুইস গেট এলাকায় আরেকটি অভিযানে মো. মিলনসহ ছয়জনকে চাঁদাবাজির অভিযোগে আটক করা হয়। গ্রেপ্তারকৃত অন্যরা হলেন—মো. সেলিম রানা, মো. সাইদুল ইসলাম, মো. কাজিম উদ্দিন, মো. আব্দুর রহিম মান্নান এবং মো. রিপন।

সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, দেশের শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে তারা সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ। কোনো ধরনের অপরাধমূলক তৎপরতা দেখলে নিকটস্থ সেনাক্যাম্প বা আইনশৃঙ্খলা বাহিনীর কাছে তথ্য প্রদানের জন্য সাধারণ নাগরিকদের প্রতি আহ্বান জানানো হয়েছে।